

## ‘স্বল্পতাপ ব্যবহার করে শীতল অবস্থা তৈরীকরণ-একটি পরিবেশবান্ধব প্রযুক্তি’ শীর্ষক সেমিনার



পদার্থবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ১৮ ফেব্রুয়ারি ২০২১-বৃহস্পতিবার ‘স্বল্পতাপ ব্যবহার করে শীতল অবস্থা তৈরীকরণ-একটি পরিবেশবান্ধব প্রযুক্তি’ শীর্ষক সেমিনার বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

পদার্থবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল। সম্মানিত অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের এম.ডি জনাব মাসুদ আহমেদ ও সাবেক এম.ডি জনাব দীপক কান্তি পাল।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পদার্থবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রকল্প পরিচালক ড. মোঃ কুতুব উদ্দিন। এসময় বক্তারা এ প্রকল্পের উদ্দেশ্য নিয়ে উৎসাহব্যঞ্জক বক্তব্য প্রদান করেন এবং প্রকল্পের সফলতা কামনা করেন। প্রকল্পটি



বাস্তবায়িত হলে দেশের পরিবেশগত উন্নয়ন ও এনার্জি ক্রাইসিস কমে যাবে বলে মতামত ব্যক্ত করেন। সেমিনারে বর্তমানে ব্যবহৃত এসি সিস্টেম কর্তৃক পরিবেশের ক্ষতিকারক দিকগুলো তুলে ধরে এর বিকল্প ব্যবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। অনুষ্ঠানে বক্তারা এডজোরপসান সিস্টেম নামে নতুন সিস্টেমকে বর্তমানে সিস্টেমের বিকল্প হিসেবে অভিমত দেন।